

PDF ফাইল থেকে কীভাবে বুকলেট প্রিন্ট করতে হবে

ম্যানাস্ক্রিপ্ট PDF ফাইলে 8"x5" বইয়ের মাপে টাইপসেট (কভার পেজ বাদে প্রথম পাতা থেকে শেষ পাতা) করা আছে (মানে A4 সাইজে 8.27"x11.69" পাতায় বইয়ের দুই পৃষ্ঠা আসবে)। এই ফাইলটা থেকে কমপিউটারের প্রিন্টার দিয়ে। প্রয়োজন মতো বইয়ের কপি প্রিন্ট করে নেওয়া যাবে, ইচ্ছে মতো কভার পেজ আলাদা করে প্রিন্ট করে নেওয়া যেতে পারে।

1. PDF ফাইলটা খুলতে হবে **Acrobat Reader DC** (or higher version with option for Booklet Printing) প্রোগ্রাম দিয়েই। অন্য কোনও প্রোগ্রাম দিয়ে খুললে কিছু অক্ষর ভেঙে যেতে পারে। Adobe Acrobat Reader DC ফ্রী ডাউনলোড পাওয়া যাবে get.adobe.com সাইট থেকে। Google Search দিয়ে Adobe Acrobat Reader DC দিলেই এটা মিলবে।
2. প্রিন্ট করতে হবে 16 পেজ ফর্মা হিসাবে। Acrobat Reader প্রোগ্রামের প্রিন্ট অপশন (File-Print) দিয়ে এক এক বারে একটা করে ফর্মার পেজ নম্বর (**Pages to Print**) দিয়ে দিতে হবে, 1-16, 17-32, 33-48, 49-64, এইভাবে।
3. এরপর **Page Sizing and Handling**-য়ে গিয়ে **Booklet** অপশন নিতে হবে।
4. এর নিচে **Booklet Subset**-য়ে গিয়ে প্রথমে **Frontside** প্রিন্ট করে নিতে হবে। 4-টে করে A4 পাতায় বইয়ের 2 পৃষ্ঠা করে মোট 8 পৃষ্ঠা প্রিন্ট হবে। যেমন, 1 থেকে 16 পৃষ্ঠা Frontside প্রিন্ট করলে 4-টে পাতার এক পিঠে প্রিন্ট আসবে 1 16; 3 14; 5 12; 7 10। একইভাবে এই 4-টে পাতা উলটে নিয়ে এরপর **Backside** প্রিন্ট করলে আসবে অন্য পিঠে 2 15; 4 13; 6 11; 8 9 পৃষ্ঠার প্রিন্ট।
5. এরপর দু-পিঠে প্রিন্ট করা 4-টে পাতা সাজিয়ে নিতে হবে — নিচে থাকবে 1 16/2 15; 3 14/4 13; 5 12/6 11; 7 10/8 9। এবার এই 4 পাতা একসাথে মাঝামাঝি ভাঁজ করে আমরা 16 পৃষ্ঠার একটা ফর্মা পেয়ে যাব।

এইভাবে 16 পৃষ্ঠা ফর্মা করে ছাপার জন্য 4-টে A4 পাতার দুপিঠে প্রিন্ট নিতে হবে। প্রিন্ট করা ফর্মাগুলো পর পর সাজিয়ে বই হিসাবে বাঁধিয়ে নেওয়া যাবে। কোনও কমপিউটার ডিটিপি ছাপার সংস্থাকে দিলে তারাই প্রিন্ট করে বই হিসাবে বাঁধিয়ে দেবে।

বেশি সংখ্যক কপি প্রয়োজন হলে ট্রেসিং প্রিন্ট করে প্রেস থেকে ছেপে নিতে হবে। সেক্ষেত্রে আগে এই পিডিএফ ফাইলগুলোর মিরর ইমেজ আরেকটা ফাইলে প্রিন্ট করে নিয়ে সেটা প্রেসকে দিলে তার থেকে তারা একই ভাবে ট্রেসিং প্রিন্ট করে নেবে ছাপার জন্য।